

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৩, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

তারিখ : ১৮ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ/০৩ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ২৮৯-আইন/২০১৮/৮১৬-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ, ধারা ৬ এর উপ-ধারা (৪) এবং ধারা ৩১ এর উপ-ধারা (১) এর শর্তাংশ উহার সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড বাণিজ্যিক আমদানিকারক, ব্যবসায়ী ও ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৭ এর—

- (ক) দফা (দ) এর শেষে উল্লিখিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে;
- (খ) দফা (ধ) এর প্রান্তস্থিত দাড়ির (।) পরিবর্তে “; এবং” চিহ্ন ও শব্দ প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ দফা (ন) সংযোজিত হইবে, যথা :—
- “(ন) এলএনজি (Liquefied Natural Gas) (এইচ. এস. কোড ২৭১১.১১.০০) আমদানির ক্ষেত্রে)।”।

২। এই প্রজ্ঞাপন ১৮ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
চেয়ারম্যান।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১২৩১৭)

মূল্য : টাকা ৪.০০